

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর:

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৫

৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩১.১৮.২৮৭

১১ ডিসেম্বর ২০১৮


বিষয়: বদলিজনিত কারণে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকায় সন্তান ভর্তির
আবেদন সংক্রান্ত।

সূত্র: জনাব শাহানাজ পারভীন পিপিএম, এর ১০/১২/২০১৮ তারিখের আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব শাহানাজ পারভীন পিপিএম, বিপি-৮৪১২১৪ ৭৬৪১, সিনিয়র এএসপি, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকাকে গত ২৬/০৮/২০১৮ তারিখ বরিশাল মেট্রোপলিটন পুলিশ হতে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় বদলি করা হয়। তিনি গত ০৯/০৯/২০১৮ তারিখ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় যোগদান করেন। তিনি আবেদনে উল্লেখ করেন, তাঁর মেয়ে মাঈশা মেহরীন সদর গার্লস স্কুল বরিশালে ৪র্থ শ্রেণিতে অধ্যয়নরত ছিল। বদলিজনিত কারণে তিনি তাঁর মেয়েকে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের মূল শাখায় ৫ম শ্রেণিতে (বাংলা ভাস্কর প্রভাতী) ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন।

০২। বর্ণিতাবস্থায়, জনাব শাহানাজ পারভীন পিপিএম, বিপি-৮৪১২১৪ ৭৬৪১, সিনিয়র এএসপি, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা-এর আবেদন অনুযায়ী তাঁর মেয়েকে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের মূল শাখায় (বাংলা ভাস্কর প্রভাতী) ৫ম শ্রেণিতে ভর্তির বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১১-১২-২০১৮

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা
ভবন, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা

স্মারক নম্বর:


তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৫

৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩১.১৮.২৮৭/১(৪)

১১ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) জনাব শাহানাজ পারভীন পিপিএম, বিপি-৮৪১২১৪৭৬৪১, সিনিয়র এএসপি, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা



১১-১২-২০১৮

আনোয়ারুল হক
উপসচিব